[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

সিস্টেমস ম্যানেজার (দপ্তর) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ডাইরী নং ৩৩/৩৫
তারিখ ০৬/০৬/২২

[ মূসক আইন ও বিধি শাখা ]

ব্যাখ্যা পত্র নং-০১/মূসক/২০২২

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/০২জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) কর্তৃক প্রদত্ত ILDC (International Long Distance Cable) সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর (মূসক) এর প্রযোজ্যতা।

সূত্রঃ ১) বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) এর পত্র নং-১৪.৩৪.০০০০.৩২১.৩৪.০০১.১৯ .১১১৪, তারিখঃ০৭/০২/২০২২ খ্রিঃ;

২) জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর.ও নং-২৩৭-আইন/২০২০/১২১-মূসক, তারিখ:১৫/০৮/২০২০ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রীয় ১ নং পত্রটি পর্যালোচনায় দেখা যায় যে, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) নামীয় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ITC (International Terrestrial Cable) ও ILDC (International Long Distance Cable) সেবাসমূহের প্রকৃতি একইরূপ বিবেচনায় ILDC সেবার ক্ষেত্রেও প্রজ্ঞাপন এস.আর.ও নং-২৩৭-আইন/২০২০/১২১-মূসক, তারিখ:১৫/০৮/২০২০ খ্রিঃ অনুযায়ী ৫% (পাঁচ) শতাংশ এর অতিরিক্ত মূল্য সংযোজন কর অব্যাহতি প্রযোজ্য হবে মর্মে অবহিত করেছেন।

০৩। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং-২৩৭-আইন/২০২০/১২১-মূসক, তারিখ:১৫/০৮/২০২০ খ্রিঃ এ International Terrestrial Cable (ITC), International Internet Gateway (IIG) ও Nationalwide Telecommunication Network (NTTN) সেবার ক্ষেত্রে ৫% (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছে।

০৪। BSCCL এর পত্র মারফত জানা যায়, ITC অপারেটরগণ ও ILDC অপারেটরগণ উভয়ই বহিঃবিশ্বের সাথে সংযুক্ত হয়ে দেশের অভ্যন্তরীণ অপারেটরগণকে ইন্টারনেট ব্যান্ডউইথ সেবা প্রদান করে থাকে। এক্ষেত্রে বিএসসিসিএল ILDC অপারেটর হিসেবে নিজস্ব টেলিযোগাযোগ অবকাঠামো ব্যবহার করে সাগরের তলদেশ দিয়ে বহিঃবিশ্বের সাথে সংযুক্ত হয় এবং ITC অপারেটরগণ স্থলপথে পার্শ্ববর্তী ভারতীয় Tata communications, Airtel ইত্যাদি অপারেটরগণের সহায়তায় সাবমেরিন ক্যাবলের মাধ্যমে বহিঃবিশ্বের সাথে সংযুক্ত হয়। ILDC (International Long Distance Cable) ও ITC (International Terrestrial Cable ) অপারেটরগণ উভয়ই সরকার কর্তৃক প্রণীত ILDTS (International Long Distance Telecommunication Services) নীতিমালা অনুযায়ী একই ধরণের কার্যক্রম পরিচালনা করে। দেশের মোট ব্যান্ডউইথ চাহিদার প্রায় ৬০ শতাংশ ILDC অপারেটর হিসেবে বিএসসিসিএল সরবরাহ করছে। দেশের ব্যান্ডউইথ চাহিদার অবশিষ্ট অংশ পূরণ করে থাকে ITC (International Terrestrial Cable) অপারেটরগণ। দেশে ব্যান্ডউইথ বিতরণের ক্ষেত্রে ITC অপারেটরগণ ও ILDC অপারেটর হিসেবে বিএসসিসিএল একই ধাপে (Tier) অবস্থিত।

০৫ সার্বিক পর্যালোচনায় দেখা যায় যে, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) কর্তৃক প্রদত্ত ILDC (International Long Distance Cable) সেবা এবং International Terrestrial Cable (ITC) সেবা একই ধরণের। সুতরাং, ILDC (International Long Distance Cable) সেবার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং-২৩৭-আইন/২০২০/১২১-মূসক, তারিখ: ১৫/০৮/২০২০ খ্রিঃ এর অব্যাহতি প্রযোজ্য হওয়া যুক্তিযুক্ত।

০৬। বর্ণিতাবস্থায়, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) কর্তৃক প্রদত্ত ILDC (International Long Distance Cable) সেবার ক্ষেত্রে, প্রজ্ঞাপন এস.আর.ও নং-২৩৭-আইন/২০২০/১২১-মূসক, তারিখ: ১৫/০৮/২০২০ খ্রিঃ এর মর্মানুযায়ী ৫% (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রযোজ্য হবে। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ ব্যাখ্যাপত্র জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

02/06/22

( কাজী রেজাউল হাসান )
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮
ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপকঃ উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।

[ তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো ]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০১৬.১২/ ৯১৮-১৮ (৩৮)    তারিখঃ ০২ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-৩। সদস্য সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি)/ (মূসক নীতি)/(মূসক নিরীক্ষা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট, মূসক।
১৬-২২। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/ মংলা/বেনাপোল/পানগাঁও/ আইসিডি, কমলাপুর।
২৩-২৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
২৭। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
২৮। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
২৯। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, চট্টগ্রাম।
৩০। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩২। ব্যবস্থাপনা পরিচালক,বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল), ১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।

//

( কাজী রেজাউল হাসান)
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮
ই-মেইলঃ vatpolicy@gmail.com